

সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭৯৭

২. ঋতুশ্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ১. ইসতিহাযা (রক্তপ্রদরের রোগিনী)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْحَسَانِيُّ ، نَا وَكَيْعٌ ، ثَنَا الْأَعْمَشُ ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي تَابِتٍ ، عَنْ عُرْوَةَ ، عَنْ عَائِشَةَ ، قَالَتْ : جَاءَتْ فَاطِمَةُ بِنْتُ أَبِي حُبَيْشٍ إِلَى رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - ، فَقَالَتْ : يَا رَسُولَ اللَّهِ ، إِنِّي امْرَأَةٌ أُسْتَحَاضُ فَلَا أَطْهَرُ ، أَفَأَدْعُ الصَّلَاةَ ؟ قَالَ : " لَا ، إِنَّمَا ذَلِكَ عِرْقٌ ، وَلَيْسَتْ بِالْحَيْضَةِ ، اجْتَنِبِي الصَّلَاةَ أَيَّامَ مَحِيضِكَ ، ثُمَّ اغْتَسِلِي ، وَتَوَضَّئِي لِكُلِّ صَلَاةٍ ، وَإِنْ قَطَرَ الدَّمُّ عَلَى الْحَصِيرِ

বাংলা

৭৯৭(৩৫). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ফাতেমা বিনতে আবু হুবায়েশ (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমি রক্তপ্রদরে আক্রান্ত, কখনও পবিত্র হতে পারি না। আমি কি নামায ছেড়ে দিবো? তিনি বলেন, না, এটা একটা শিরার রক্ত, হয়েয নয়। তুমি তোমার মাসিক ঋতুর কয়দিন নামায ছেড়ে দিবে, অতঃপর গোসল করবে এবং প্রতি ওয়াক্ত নামাযের জন্য উযু করে নামায পড়বে, পাটির উপর রক্তের ফোটা পতিত হলেও।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80586>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন